

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা  
www.rthd.gov.bd



নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-১২৮

তারিখঃ ০৯-০৩-২০২৩ খ্রিস্টাব্দ

### প্রজ্ঞাপন

১৩ মার্চ ২০২৩ তারিখে ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন/শূন্য পদের উপনির্বাচন অনুষ্ঠিত হবে (কপি সংযুক্ত)। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১২ মার্চ ২০২৩ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৩ মার্চ ২০২৩ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবেঃ

(১) ট্রাক

(২) পিক আপ

০২। সে সাথে ১১ মার্চ ২০২৩ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৪ মার্চ ২০২৩ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।


০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক'কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

সিনিয়র সিস্টেম এনালিস্ট	
■ সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার	
■ প্রোগ্রামার	
■ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	
■ সংস্কার ই-১/ সংস্কার ই-২	
■ নথি	
ডায়েরি নং.....৬১৬	
তারিখ.....১২/৩/২৩	

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
০৯/৩/২০২৩  
(মোঃ জাসিম উদ্দিন)

সহকারী সচিব

ফোনঃ ৫৫১০০৪৫১

ইমেইলঃ sasbrtae@rthd.gov.bd

(অপর পাতায় দৃষ্টব্য)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০২. সিনিয়র সচিব, .....(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৪. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
০৫. সচিব .....(সকল) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৬. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (এর সাথে তাঁর ০১-০৩-২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-৪৬ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)
০৭. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
০৮. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা (এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৯. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা
১১. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা
১২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, .....(সংশ্লিষ্ট)
১৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, .....(সংশ্লিষ্ট)
১৪. জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ/নরসিংদী
১৫. পুলিশ সুপার, মুন্সিগঞ্জ/নরসিংদী
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, মুন্সিগঞ্জ/নরসিংদী
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০(তিনশত) কপি জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, মুন্সিগঞ্জ/নরসিংদী
২০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, .....(সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, মুন্সিগঞ্জ/নরসিংদী
২৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

✓

ভোটপ্রকল্পের তারিখ: ১৩ মার্চ ২০২৩

১৩ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন:

জেলা	উপজেলা	ইউনিয়ন
১. নরসিংদী	১. ইলিয়াসগঞ্জ	১. পাঁচগাঁও

১৩ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের শূন্য পদের উপনির্বাচন

জেলা	উপজেলা	ইউনিয়নের নাম	শূন্য পদ
১. নরসিংদী	১. রায়পুরা	১. মিরকাতর	১. চেয়ারম্যান